গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিশাখা-০২ (মাঠ প্রশাসন)
www.minland.gov.bd

নম্বর-৩১.০০.০০০০.০৪৬.১৯.০০৯.১৮.৭৪৪

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
১০ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

# পরিপত্র

**বিষয়: ভূমি মন্ত্রণালয়ে সরাসরি বদলির আবেদন প্রেরণ সংক্রান্ত।**

ভূমি মন্ত্রণালয়ের ২৮.০১.২০০৮ তারিখের ভূঃমঃ/শা-১২-৩৯/৯০-৭৩ নম্বর আদেশ অনুযায়ী ভূমি ব্যবস্থাপনা বিভাগের কানুনগো, সার্ভেয়ার সংশ্লিষ্ট অন্যান্য তৃতীয় ও চতুর্থ শ্রেণির পদে নিয়োগ অবস্থাভেদে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকের উপর। সেই হিসেবে অন্যান্য প্রশাসনিক ব্যবস্থাদি সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের উপর বর্তায়। আর Allocation of Business among the different Ministries and Divisions অনুযায়ী সামগ্রিকভাবে ভূমি ব্যবস্থাপনা (Management) এবং জরিপ (Settlement) বিভাগ ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন। স্বচ্ছ, দক্ষ, আধুনিক ও জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা প্রতিষ্ঠা করা ভূমি মন্ত্রণালয়ের ভিশন। ফলে প্রশাসনিক প্রয়োজনে ভূমি মন্ত্রণালয় যে কোন ব্যবস্থা গ্রহণের এক্তিয়ার রাখে। এর ধারাবাহিকতায় ভূমি মন্ত্রণালয় বিভিন্ন প্রশাসনিক কারণে ব্যবস্থাপনা ও জরিপ বিভাগের আওতাধীন কোন কোন কর্মকর্তা-কর্মচারীকে যে কোন কর্মস্থলে বদলি/পদায়ন করে থাকে।

০২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ব্যবস্থাপনা এবং জরিপ বিভাগের মাঠ পর্যায়ের কোন কর্মকর্তা/কর্মচারীকে কোন স্থানে বদলি করা হলে উক্ত কর্মকর্তা/কর্মচারী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন না করে মাননীয় মন্ত্রী/সচিব বরাবর সরাসরি আবেদন করছেন যা প্রচলিত বিধি-বিধানের পরিপন্থি। উক্ত বিষয়টি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী অসদাচরণের সামিল।

০৩। উপর্যুক্ত প্রেক্ষাপটে সরকারি কর্মকর্তা/কর্মচারী হিসাবে শৃঙ্খলা রক্ষাকল্পে ভূমি মন্ত্রণালয় অথবা বিভাগীয় কমিশনার কর্তৃক কোন কর্মকর্তা/কর্মচারীকে বদলি করা হলে এবং উক্ত বিষয়ে কারও কোন বক্তব্য থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ভবিষ্যতে কোন কর্মকর্তা/কর্মচারীর নিকট থেকে এ ধরণের সরাসরি কোন আবেদন পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

০৪। এতদ্বারা ভূমি মন্ত্রণালয় কর্তৃক গত ২১.০৭.২০১৫ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১৯.০৫৯.১৪-৪২০(৭৫) নম্বর স্মারকমূলে জারিকৃত পরিপত্রটি বাতিল করা হলো।

মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী
সচিব
ভূমি মন্ত্রণালয়।
ফোন: +৮৮০২৯৫৪৫১৩১,
ফ্যাক্স: +৮৮০২৯৫৭৭৩৪৪
ই-মেইল: secretary@minland.gov.bd

বিতরণ:

০১। বিভাগীয় কমিশনার......................(সকল)।
০২। জেলা প্রশাসক.............................(সকল)।

অনুলিপি:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড/ ভূমি আপীল বোর্ড, ঢাকা।
০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)......................(সকল)।
০৫। উপজেলা নির্বাহী অফিসার.............................(সকল)।
০৬। সহকারী কমিশনার (ভূমি)/রাজস্ব সার্কেল.......................(সকল)।